DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 05:18 AM

সারাদেশ

# ব্রাহ্মণবাড়িয়ায় বিপুল পরিমান মাদকদ্রব্য এবং চোরাচালানী মালামাল আটক

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: বুধবার, ০৫ আগস্ট ২০২৬, ০৩:২৮ PM




ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ার সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) বিপুল পরিমান মাদকদ্রব্য এবং চোরাচালানী মালামাল আটক করেছে।

বুধবার (৫ আগষ্ট) আনুমানিক ৮:০০ ঘটিকায় সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) এর আলীনগর বিওপির বিশেষ টহলদল গোপন সংবাদের ভিত্তিতে সীমান্ত পিলার-২০১৬/এমপি হতে আনুমানিক ৫০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর উপজেলার নোয়াবাদী ফাঁদ পেতে বসে থাকে। এ সময় সন্দেহজনক ১ জন ব্যক্তিকে মাথায় ঘাস বোঝাই ঝুড়ি নিয়ে ভারতের দিক হতে বাংলাদেশের দিকে আসতে দেখলে বিজিবি র টহলদলটি ধাওয়া করা হলে ঘাস ভর্তি ঝুড়ি ফেলে দৌঁড়ে পালিয়ে যায়।

পরবর্তীতে বিজিবি র টহলদলটি ফেলে যাওয়া ঘাস তল্লাসী করে ঘাসের ভিতরে অভিনব উপায়ে গামছার মধ্যে কসটেপ দিয়ে মোড়ানো অবস্থায় ২টি প্যাকেট উদ্ধার করে। উল্লেখিত প্যাকেট হতে ইয়াবা-২০,১৬০ পিস আটক করতে সক্ষম হয়। আটককৃত মালিকবিহীন ভারতীয়

ইয়াবা ব্রাহ্মণবাড়িয়া মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসকে অবগত করে পরবর্তীতে ধ্বংসের নিমিত্তে ব্যাটালিয়ন সদরে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

এছাড়াও বুধবার (৫ আগষ্ট) মুকুন্দপুর বিওপির টহলদল ১০,৪৮,০০০ টাকা মূল্যের ভারতীয় উন্নতমানের শাড়ী ১৩১ পিস, ব্রাহ্মণবাড়িয়া ট্রানজিট ক্যাম্প এবং ব্যাটালিয়ন সদরের বিশেষ টহলদল ৮,৮০,৪০০ টাকা মূল্যের ভারতীয় কাবেরী মেহেদী-৭২০ পিস, উন্নতমানের শাড়ী-৬৯ পিস, বাসমতি চাউল-৬০ কেজি এবং মোটরসাইকেলের খুচরা যন্ত্রাংশ-১০০ পিস আটক করতে সক্ষম হয়। আটককৃত ভারতীয় চোরাচালানী মালামাল সমূহ আখাউড়া কাস্টমস্ অফিসে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

সরাইল ব্যাটালিয়ন এর টহল দল ২০,১৬০ পিস ভারতীয় ইয়াবাসহ সর্বমোট ৭৯,৭৬,৪০০ টাকা মূল্যের চোরাচালানী মালামাল আটক করতে সক্ষম হয়েছে।

সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) এর দায়িত্বপূর্ণ ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর ও আখাউড়া এবং হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলায় সীমান্তে নিরাপত্তা রক্ষা ও চোরাচালান প্রতিরোধে বিজিবির আভিযানিক কার্যক্রম ও গোয়েন্দা তৎপরতা সর্বোত্তকভাবে অব্যাহত রয়েছে। এরই ধারাবাহিকতায় সীমান্তবর্তী এলাকায় অভিযান পরিচালনা করে বিপুল পরিমানে চোরাচালানী মালামাল এবং মাদকদ্রব্য আটক করা হয়।

---


## এ বিভাগের আরও খবর



**রাঙামাটিতে পিকআপ উল্টে নিহত ৪**
রাঙামাটির মানিকছড়িতে পিকআপ উল্টে দুই নারীসহ চারজন নিহত হয়েছেন। এ সময় আরো তিনজন আহত হয়েছেন।রবিবার (১৬ আগস্ট) ভোরে সদর উপজেলার সাপছড়ি ইউনিয়নের...



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**
নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**

নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...

---




**শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার**

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...

---


Copyright Dhaka Probe


অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/brahmnbariyay-bipul-priman-madkdrbj-ebng-chorachalani-malamal-atk